**পরীক্ষা বিভাগ**
**EXAMINATION DIVISION**

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
**BANGLADESH OPEN UNIVERSITY**

১৮২/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০১/ ৮৬৯৮

তারিখ ঃ ০২ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ
১৭ আগস্ট, ২০২৬ খ্রিষ্টাব্দ

**আঞ্চলিক পরিচালক**
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

**বিষয় ঃ বাউবি'র বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৫ এ ১০ (দশ) টির অধিক কোর্সে পরীক্ষায় অংশগ্রহণ না করার বিষয়টি শিক্ষার্থীদের অবহিতকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ ১৮২/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০১/৪৮৩২; তারিখ: ২৭/০২/২০২৬ খ্রিঃ।

জনাব

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাউবি'র বিএ এবং বিএসএস প্রোগ্রামের একাডেমিক রেগুলেশন অনুযায়ী একজন শিক্ষার্থী এক পরীক্ষা বর্ষে রেজিস্ট্রেশন ও পুন:পরীক্ষার কোর্সসহ সর্বোচ্চ ১০টি কোর্সে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৫-এ অংশগ্রহণেচ্ছু একজন শিক্ষার্থীর রেজিস্ট্রেশনকৃত/পুন:পরীক্ষার কোর্সসহ যেন ১০ (দশ) টির অধিক কোর্স না থাকে তা সূত্রে বর্ণিত পত্রের মাধ্যমে নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়েছিল (কপি সংযুক্ত)। উক্ত নির্দেশনা থাকা সত্ত্বেও অনেক শিক্ষার্থী রেজিস্ট্রেশন ও পুন:পরীক্ষার কোর্সসহ ১০টির অধিক কোর্সে ফি জমা দেয়ায় তাদের হাজিরাশীট এবং প্রবেশপত্রে ১০টির অধিক কোর্স উল্লেখ রয়েছে।

এমতাবস্থায়, যে সকল শিক্ষার্থীর হাজিরাশীট ও প্রবেশপত্রে ১০টির অধিক কোর্স উল্লেখ রয়েছে সে সকল শিক্ষার্থী ১০টির অধিক কোর্সে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। সেক্ষেত্রে শিক্ষার্থীদের নিয়মিত রেজিস্ট্রেশন কোর্স ঠিক রেখে পুন:পরীক্ষার কোর্স থেকে তাদের পছন্দ অনুযায়ী কোর্স নিয়ে রেজিস্ট্রেশনসহ ১০টির অধিক কোর্সে পরীক্ষায় অংশগ্রহণ না করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

**বিষয়টি অতীব জরুরী।**

ধন্যবাদসহ।

17/08/2026

মোঃ হাবিবুল্যাহ মাহামুদ
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
কম্পিউটার বিভাগ
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়
ডায়েরী নং ২২৮৬
তারিখঃ ২৬/৮/২৬

**অনুলিপি : অবগতি ও কার্যার্থে:**

১. ডিন, এসএসএইচএল, বাউবি।
২. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৩. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৪. আইসিটি কনসালটেন্ট, বাউবি।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা (বিএ/বিএসএস পরীক্ষা-২০২৫, বাউবি), পরীক্ষা কেন্দ্র (সকল)।
৬. যুগ্ম-আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/সহঃ আঞ্চলিক পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র(সকল), বাউবি।
৭. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. একান্ত সচিব, প্রো-উপাচার্য (শিক্ষা)-এর দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯. সহকারী সিনিয়র প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।
১০. সংরক্ষণ নথি।